

ভিকারুন্নিসা রোববারের সব পরীক্ষা স্থগিত



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৩ নভেম্বর ২০২৫ | ০২:৩০ | আপডেট: ২৩ নভেম্বর ২০২৫ | ০২:৩০



রাজধানীর ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের রোববারের (২৩ নভেম্বর) সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। শনিবার দিবাগত রাত পৌনে ১টার দিকে প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাজেদা বেগমের সহী করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশত ২৩ নভেম্বর (রোববার) প্রথম থেকে নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা স্থগিত করা হলো।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, তবে কলেজ শাখার একাদশ ও দ্বাদশ শ্রেণির পাঠদান কার্যক্রম যথারীতি চলবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।